

"নাজকা লাইন" – মানব ইতিহাসের আরেকটি রহস্যপূর্ণ বিস্ময় ডঃ রীতা কর্মকার

নাজকা লাইনের কথা যত জেনেছি আমি কেবল বিস্মিত হয়েছি। মনে মনে কত কি যে ভেবেছি। অবশেষে একদিন সময় হলো নিজের চোখে নাজকা লাইন দেখার। খুব সকালে আমরা কয়েকজন পর্যটক অপেক্ষা করছিলাম হোটেলের লবিতে আমাদের টুর গাইডের জন্য আর নিজেদের মধ্যে আলোচনা করছিলাম এই নাজকা লাইনের বিস্ময়। আমার মতো প্রায় প্রত্যেকেই নানাভাবে এই নাজকা লাইনের প্রতি তাদের ধারণা এবং কৌতুহল প্রকাশ করছিলো। তারপর টুর গাইডের সহায়তায় আমরা একটি খুব ছোট প্লেন এ উঠলাম যে প্লেনের ভেতরে পাইলট সহ মোট সাতজন ছিলাম। প্লেনে ওঠার পুরো প্রক্রিয়াটি ছিল যেকোনো সাধারণ ফ্লাইটের মতোই কেবল আমাদের সাথে কোনো লাগেজ ছিলোনা।

নাজকা লাইন দক্ষিণ পেরুতে অবস্থিত। এটি একটি বিসতৃতপাহাড়ি-পাথুরে-মরুভূমি অঞ্চল যেখানে পৃষ্ঠদেশ কালো শক্ত পাথুরে আর কোথাও বালুময়, যেখানে বৃষ্টিপাত একেবারে হয়না বললেই চলে, অত্যন্ত শুষ্ক অঞ্চলের পৃষ্ঠদেশে কে বা করা শতাদিক জ্যামিতিক আকৃতি, শতাদিক পশু পাখির আকৃতি এঁকে রেখেছেন, কেন এগুলো এঁকেছেন, তা সত্যি বিস্ময়। এই লাইনগুলো "নাজকা লাইন" এবং শতাদিক বর্গমাইল বিস্তৃত এই লাইন গুলো অত্যন্ত গভীর করে আঁকা হয়েছে যা এতো বছরেও মুছে যায়নি। নাজকা লাইন গুলো ইতিহাসের আরেকটি রহস্যপূর্ণ বিস্ময় এবং ইনকা সভ্যতার নিদর্শন। এই অঞ্চলটি অত্যন্ত শুষ্ক অঞ্চল।

আমি আরো কয়েকজন উৎসুক পর্যটক বন্ধুর সাথে ছোট একটি আকাশযানে চড়ে এই নাজকা লাইনগুলো দেখতে গিয়েছিলাম। আকাশযানটি একবার ডান দিকে হেলে গিয়ে আবার বাম দিক দিয়ে হেলে গিয়ে আমাদেরকে নাজকা লাইনগুলো দেখার সুযোগ করে দিচ্ছিলো।



অনেক মাইল বিস্তৃত এই আঁকাগুলো। কিছু কিছু নাজকা লাইন এতটাই বড়ো যে আকাশযানে চড়ে পুরো আকৃতি বা আকার একবারে দেখা যায় না। পর্যটকরা শুধু আকাশযানে চড়ে এই নাজকা লাইন গুলো কিছুটা দেখতে পারে। ভূমিপৃষ্ঠদেশে যাবার অনুমতি নেই সরকারি ভাবে। সবগুলি লাইন যোগ করলে প্রায় দেড় হাজার কিলোমিটার। পাথুরে ও পাহাড়ী মাটিতে নিখুঁত জ্যামিতিক লাইনগুলি তাদের প্রযুক্তিগত উৎকর্ষতার পরিচায়ক।

অনেকে বিশ্বাস করে যে এই নাজকা লাইনগুলো ইনকা সভ্যতার নিদর্শন যা স্প্যানিশদের আগমনের আগে, আজ থেকে প্রায় ২৫০০ বছরের ও আগে ইনকা সাম্রাজ্যের অধিবাসীদের কাজ। এত বছর আগে প্রশান্ত মহাসাগর পারের মরুভূমি ও পাথুরে পাহাড়ী অঞ্চলে তারা কিভাবে এতো শক্তিশালী যন্ত্র বা টুলস পেলো সেটা এখনো একটি রহস্য হয়ে আছে।

সেখানকার স্থানীয় লোকদের মুখে কিছু গল্প শোনা যায়। তারা বিশ্বাস করে যে অন্য গ্রহ থেকে অনেক শক্তিশালী আর প্রযুক্তির দিক থেকে অত্যন্ত দক্ষ মেধাবীরা এসে এই নাজকা লাইনগুলো আঁকেছে তাদের আকাশ পথের নিশানা হিসেবে।

"নতুন সূর্য নতুন প্রাণ। নতুন সুর নতুন গান। ফুটুক ফুল আসুক ভ্রমর, শুভ হোক নতুন বছর!"



BPPOC



অনেক গবেষকের ধারণা এই নাজকা লাইনগুলো শুষ্ক অঞ্চলের তলদেশে জলের উৎস জানার নিশানা যা ইরিগেশনের জন্য আঁকা। অনেকে গবেষণা করে বলেছেন যে এই নাজকা লাইনগুলো অ্যাস্ট্রোনোমিক এবং সূর্যের রশ্মির সাথে মিলিয়েই করা হয়েছে। আর্কিওলোজিস্টরা গবেষণা করে নানা রকম গবেষণালব্ধ ফলাফল প্রকাশ করেছেন এবং এখনো করে যাচ্ছেন।



Photo: Nazka line, Peru

কেন এই বিশাল আকৃতিগুলো আঁকা হয়েছে যা এতো উপর থেকেই কেবল দেখা যায়, যা দেখতে হলে আকাশখানে চড়ে দেখতে হয়? পৃথিবীর বিভিন্ন স্থানে এরকম আরো বৃহৎ আকৃতির আকার আঁকা আছে যা দিয়ে প্রাচীন সভ্যতার মানুষেরা কি নিশানা দিয়েছেন তা সত্যিই বিস্ময়কর। নিশ্চয়ই প্রাচীনকালে সারা পৃথিবী জুড়ে এই বিশাল আকারের দাগগুলো কোনো সাংকেতিক ভাষা ছিল যা অত্যন্ত মেধাবীরা তৈরী করে গেছেন।



CONTRIBUTE
& STRENGTHEN THE COMMUNITY

"We're in need of financial support from individuals who share our vision"

For many years, BPPOC has been striving to establish a place to call its own. This long-cherished dream is now on the verge of becoming a reality. This space will support Sanatan spiritual activities, children's activities, occasional religious and Sanatan cultural events, and more.

Laying Foundations for Tomorrow's "Temple".

E-TRANSFER
bppoccalgary@gmail.com

BANK TRANSFER
Direct Deposit, Pre-Authorized Payment
Transit No. : 02309
Institution No. : 010
Account No. : 42-76213

CREDIT CARD

CHEQUE
Cheque is payable to:
Bangladesh Puja Parishad of Calgary
Mailing Address:
Bangladesh Puja Parishad of Calgary
51 Saddielake Pl, NE
Calgary, AB, T3J 0M5
CONTACT : BPPOC (403-828-5779)



MONTHLY
Scan to donate

Donate
MONTHLY



ONE TIME
Scan to donate

Donate
ONE TIME

The donors will receive CRA tax exemption receipt (100%)

 **Bangladesh Puja Parishad of Calgary, Canada**
বাংলাদেশ পূজা পরিষদ অফ ক্যালগেরি, কানাডা



Sun Life



Raise your family, build your future.

Wherever you are in life, strengthening your retirement plans today can help give you and your family a brighter tomorrow. Are you ready to start?

Life insurance • Savings plans • Estate and Financial Planning Service



Hitesh Bhatt P.Eng.*, PMP

Cell: (587) 437-6659

hitesh.bhatt@sunlife.com

*Advisors and their corporations conduct insurance business through Sun Life Financial Distributors (Canada) Inc. Mutual fund business is done with your advisor through Sun Life Financial Investment Services (Canada) Inc. Sun Life Assurance Company of Canada is the insurer and is a member of the Sun Life group of companies. © Sun Life Assurance Company of Canada, 2023.

We are looking for some writing for the quarterly publishing magazine.

Topics can be:

- | | |
|---------------------------|-------------------|
| 1. Canadian/ Calgary News | 2. Immigration |
| 3. Cooking recipe | 4. Art |
| 5. Interior design | 6. Gardening |
| 7. Travel | 8. Vaastu Shasta |
| 9. Music | 10. Health |
| 11. Real Estate | 12. Stocks Market |

Please feel free to contact Shawn Podder

RRAJESH R RAJADAA
Dedicated, Qualified & Trusted Realtor

403-870-7894
rrajeshrrajadaa@hotmail.com
www.thepreprealty.com

PREP REALTY
REALTOR